

## কুলাউড়া'র নামকরণের ইতিহাসঃ

শাহ হেলিম উদ্দিন কোরেশী নামক গ্রন্থ থেকে জানা যায় মোঘল সুবাদার এর কাছ থেকে দেওয়ানী পাওয়ার পর মনসুর গ্রামের প্রখ্যাত দেওয়ান মামন্দ মনসুরের পিতামহ মামন্দ মনোহরের ভ্রাতা মামন্তদ কুলাঅর কুমার থাকাবস্তায় মৃত্যু বরন করেন। তার মৃত্যুর পর মামন্দ মনোহর ভ্রাতার স্মৃতি রক্ষার্থে নিজ জমিদারির পূবাংশে একটি বাজার প্রতিষ্ঠা করে নাম রাখেন “কুলঅরার বাজার”। কালক্রমে “কুলঅরা থেকে কুলাউড়া” নামকরণ করা হয়। কুলাউড়া উপজেলা হচ্ছে সিলেট সিলেট বিভাগের আওতাধীন মৌলভীবাজার জেলার অন্যতম একটি বড় উপজেলা। অতি প্রাচীন একটি শহর কুলাউড়া উপজেলার মূল মধ্যমনি হচ্ছে কুলাউড়া পৌরসভা। উপজেলা সদরে অবস্থিত কুলাউড়া পৌরসভা ২৪-৩৯ হতে ২৪-৫২ উত্তর-অক্ষাংশে এবং ৯২-৪০ হতে ৯২-৫৪ পূর্ব দ্রাঘিমাংশ ভৌগোলিক সীমা রেখার মধ্যে অবস্থিত। প্রাক্তন ০৭নং সদর ইউনিয়ন পরিষদের আলালপুর, কাছিমনগর, চাতলগাঁও, নওদা সাদেকপুর ও পূর্ব মনসুর মৌজার মোট ১১.২৫ বর্গ কি.মি. এলাকা নিয়ে ১৯৯৬ খ্রি. সনের ২৬ ডিসেম্বর মোট ০৯ টি ওয়ার্ড এর সমন্বয়ে প্রতিষ্ঠিত হয় কুলাউড়া পৌরসভা। বিগত ২০/০৫/২০০১খ্রি. সনে পৌরসভাটি “খ” শ্রেণীতে উন্নীত হয় এবং গত ০২/০২/২০১৭ খ্রি. সনে কুলাউড়া পৌরসভা “ক” শ্রেণি হিসেবে স্বীকৃতি লাভ করে। সর্বশেষ আদমশুমারীর হিসাব অনুযায়ী কুলাউড়া পৌরসভার মোট জনসংখ্যা- ৩৫৪১০ জন (পুরুষ-২০২১১, মহিলা -১৫১৯৯)।

অশেষ ধন্যবাদ  
কুলাউড়া পৌরসভা